

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
দক্ষিণ সুনামগঞ্জ।

১১/০৬/২০২০ খ্রি: তারিখের উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি:- জেবুন নাহার শামী
স্থান:- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সময়:- সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)

- ১। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ।
- ২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৩। জনাব, নূর হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৪। জনাব, দুলাল রাণী তালুকদার, উপজেলা ভাইস চেয়ারম্যান, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৫। জনাব রুকুনুজ্জামান, সভাপতি, চালকল মালিক সমিতি, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দক্ষিণ সুনামগঞ্জ।

উপজেলা খাদ্য সংগ্রহ কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ সভায় উপস্থিত সদস্যদের এই করোনা দুর্যোগ সময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

অতঃপর উপজেলা খাদ্য শস্য সংগ্রহ কমিটির সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দক্ষিণ সুনামগঞ্জ জানান যে, অত্র দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় মোট ২৭৭৫ মে:টন ধান, ২৪৪২ মে:টন আতপ চাল, ১৭৮১ মে:টন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। তন্মধ্যে ৫৩টি আতপ চালকল= ২৪৪২ মে:টন আতপ এবং ২টি অটোমেটিক সিদ্ধ চালকল = ১৭৮১ সিদ্ধ মে:টন চালের লক্ষ্যমাত্রার সমুদয় চাল সরকারী খাদ্য গুদামে সরবরাহের জন্য নীতিমালা অনুযায়ী চুক্তি সম্পন্ন করেছেন। এছাড়া বিগত ০৫/০৫/২০২০ খ্রি: তারিখের সভার সিদ্ধান্তের আলোকে উপজেলা কৃষি অফিস হতে প্রাপ্ত ৪০১৩ জন কৃষকের তালিকা মোতাবেক ০৬/০৫/২০২০ খ্রি: হতে ১০/০৫/২০২০ খ্রি: পর্যন্ত ৮টি ইউনিয়নে উৎপাদনের ভিত্তিতে লটারীর মাধ্যমে ১৩৮৯ জন কৃষককে সরকারী খাদ্য গুদামে (মল্লিকপুর) ধান বিক্রির জন্য নির্বাচন করা হয় এবং প্রতিটি ইউনিয়নে নির্বাচিত কৃষকের বিপরীতে ২০% অপেক্ষমান তালিকাও প্রস্তুত রাখা হয় যাতে নির্বাচিত কৃষকরা না আসলে অপেক্ষমান তালিকায় অর্ন্তভুক্তরা ধান বিক্রি করতে পারেন। নির্বাচিত কৃষকদের যথারীতি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর হতে মোবাইল ফোনে জানিয়ে দেওয়া হয়। কিন্তু অদ্য পর্যন্ত সংগ্রহ হয়েছে মাত্র ৫২৭ মে:টন অর্থাৎ লক্ষ্যমাত্রার মাত্র ১৯% এবং আতপ চাল সংগ্রহ হয়েছে মাত্র ৩০ মে:টন। যা সংগ্রহ গতির সাথে সঙ্গতিপূর্ণ নয়। এমতাবস্থায় সরকারী মজুদ পর্যাপ্ত করার স্বার্থে ধান ও চাল সংগ্রহ গতি ত্বরান্বিত করা জরুরী।


উপস্থিত উপজেলা মিল মালিক সমিতির সভাপতি জানান যে, বর্তমানে ধানের দাম বেশী থাকায় ও বিরূপ আবহাওয়ায় পর্যাপ্ত ধান শুকানো সম্ভব হচ্ছে না বিধায় চাল সরবরাহে ধীর গতি পরিলক্ষিত হচ্ছে। তবে শীঘ্রই এই সমস্যার সমাধানের উদ্যোগ নিবেন বলে সভায় জানান।

এরপর সভায় আর কোন আলোচনা না থাকায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:-


- ১। ২০/০৬/২০২০ খ্রি: তারিখের পর মূল তালিকা ও অপেক্ষমান তালিকা ২টি চলমান রেখে "আগে আসলে আগে বিক্রি"র ব্যবস্থা রেখে দ্রুত ধান সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকের সাথে যোগাযোগ রক্ষা করে গুদামে ধান বিক্রির ব্যবস্থা নিবেন। প্রয়োজনে কৃষি কর্মকর্তা ও খাদ্য নিয়ন্ত্রক পরামর্শ প্রদান করবেন।




জেবুন নাহার শামী
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুনামগঞ্জ

২। আতপ ও সিদ্ধ চাল চুক্তিবদ্ধ মিল মালিকগণ দ্রুত সরবরাহ সম্পন্ন করার জন্য চালকল মালিক সমিতির সভাপতির সহযোগীতা কামনা করা হয়। তবে জুন/২০২০ খ্রি: এর মধ্যে নূন্যতম ৫০% চাল সরবরাহ না করলে নীতিমালা অনুযায়ী ব্যবস্থা নেয়ার জন্য যথাসময়ে সুপারিশ করা হবে। তবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দক্ষিণ সুনামগঞ্জ মিল মালিকগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে দ্রুত চাল সরবরাহের ব্যবস্থা নিবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি পুনরায় সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জেবুন নাহার শাম্মী)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি

দক্ষিণ সুনামগঞ্জ।

তারিখ:- ১১/০৬/২০২০ খ্রি:

স্মারক নং:- ১৩.০১.৯০২৭.০০৩.৫৬.০৩৬.১৯.১৬১

অনুলিপি:- সদয় অবগতির জন্য।

- ১। মাননীয় সংসদ সদস্য ও মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
- ৬। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৭। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৮। জনাব----- উপ- সহকারী কৃষি কর্মকর্তা ----- ইউপি, দক্ষিণ সুনামগঞ্জ।
- ৯। জনাব, নূর হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান, দক্ষিণ সুনামগঞ্জ।
- ১০। জনাব, দুলন রাণী তালুকদার, উপজেলা ভাইস চেয়ারম্যান, দক্ষিণ সুনামগঞ্জ।
- ১১। চেয়ারম্যান----- ইউপি, দক্ষিণ সুনামগঞ্জ।
- ১২। সভাপতি/ সেক্রেটারী উপজেলা চালকল মালিক সমিতি, দক্ষিণ সুনামগঞ্জ।
- ১৩। ওসিএলডি, মল্লিকপুর, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১৪। জনাব----- প্রোপাইটার----- চালকল, দক্ষিণ সুনামগঞ্জ।



(ধীরাজ নন্দী চৌধুরী)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

দক্ষিণ সুনামগঞ্জ।